Mujib's Bangladesh

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক সংখ্যা-বিঅ-৬/৭০৫৫/২৫ তারিখ : ২৫-০২-২০২৪ খ্রি.

বিষয় : কারণ দর্শানো জবাব দাখিল প্রসঙ্গে।

সূত্র : ক) জনাব মোঃ হাসান আলী গং-এর ২৮-০৫-২০২৩ খ্রি. তারিখের আবেদন (আইডি নং-২১৩৯৬)
খ) তদন্ত কর্মকর্তার গত ০২-১১-২০২৩ খ্রি. তারিখের তদন্ত প্রতিবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাগুরা জেলার শালিখা উপজেলাধীন পুলুম গোলাম ছরোয়ার মাধ্যমিক বিদালয়ের প্রধান শিক্ষক জনাব মির্জা মোঃ আব্দুল গফফার-এর বিরুদ্ধে দুর্নীতি, অসদাচরণ ও নৈতিক ইস্খলন সংক্রান্ত বিষয়ে জনাব মোঃ হাসান আলী গং একটি অভিযোগ দাখিল করলে যশোর বোর্ড গত ০৮-০৬-২০২৩ খ্রি. তারিখে বিঅ-৬/৭০৫৫/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.১৪৪৩৭ নং স্মারকপত্রে জনাব মোঃ এমদাদুল হক, অধ্যাপক, ভূগোল, বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা (ইনসিটু যশোর সরকারি কলেজ) কে আহবায়ক করে দুই সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন করে তদন্তপূর্বক তদন্ত প্রতিবেদন দাখিল করার জন্য অনুরোধ করে পত্র দেয়া হয়। তদন্ত কর্মকতা তদন্ত প্রতিবেদন দাখিল করেছেন। তদন্ত পতিবেদন পর্যালোচনায় দেখা যায় প্রধান শিক্ষক প্রতিষ্ঠানের আর্থিক শৃঙ্খলা পরিপালন যথাঃ সকল ব্যয় ক্রয় কমিটির মাধ্যমে সম্পন্ন করা, সকল আয়-ব্যয় কলামনার ক্যাশ বইতে উত্তোলন করা, সকল আয়-ব্যয় অভ্যন্তরীণ অডিট সম্পন্ন করা, খাত ভিত্তিক আয়-ব্যয় লিপিবদ্ধ করা, মাসিক হিসাব সংকলন করা। ম্যানেজিং কমিটিতে আয়-ব্যয় অনুমোদন, ভাউচারসমূহ সঠিকভাবে সংরক্ষণ, স্টক লেজার মেইনটেনেন্স করা, ব্যাংকে জমার মাধ্যমে সকল আদায় নিশ্চিত করা প্রভৃতি বিষয়ে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনা নীতি ও আর্থিক বিধি বিধান সঠিকভাবে পরিচালনা করা হয় না ও ম্যানেজিং কমিটির সভায় এ সকল বিষয় পর্যালোচনা করা হয় না বিধায় প্রতিষ্ঠান পরিচালনায় ও হিসাব ব্যবস্থাপনায় নানাবিধ অনিয়ম পরিলক্ষিত হয় মর্মে তদন্ত কর্মকর্তা মতামত দাখিল করেছেন।

এমতাবস্থায়, তদন্তকারী কর্মকর্তার সার্বিক মতামতের আলোকে অভিযোগকরীর অভিযোগ সত্য বলে প্রমাণিত হওয়ায় আপনার বিরুদ্ধে কেন আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে না তার জবাব পত্র জারীর ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট দাখিল করার জন্য আপনাকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে
স্বাক্ষরিত
(মোঃ সিরাজুল ইসলাম)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
ফোন নম্বর-০২৪৭৭৭৬২৭০৫

প্রধান শিক্ষক
পুলুম গোলাম ছরোয়ার মাধ্যমিক বিদ্যালয় (১১৮০৭৩)
পুলুম, শালিখা, মাগুরা

স্মারক সংখ্যা-বিঅ-৬/৭০৫৫/২৫(১-৬) তারিখ : ২৫-০২-২০২৪ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

১। জেলা প্রশাসক, মাগুরা।
২। উপজেলা নির্বাহী অফিসার, শালিখা, মাগুরা।
৩। জেলা শিক্ষা অফিসার, মাগুরা।
৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শালিখা, মাগুরা।
৫। জনাব মোঃ হাসান আলী গং, অভিযোগকারী।
৬। সংরক্ষণ নথি।

25/02/2024
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর
25/02/24

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক সংখ্যা-বিঅ-৬/৭০৫৫/২৬ তারিখ : ২৫-০২-২০২৪ খ্রি.

বিষয় : কারণ দর্শানো জবাব দাখিল প্রসঙ্গে।

সূত্র : ক) জনাব মোঃ হাসান আলী গং-এর ২৮-০৫-২০২৩ খ্রি. তারিখের আবেদন (আইডি নং-২১৩৯৬)
খ) তদন্ত কর্মকর্তার গত ০২-১১-২০২৩ খ্রি. তারিখের তদন্ত প্রতিবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাগুরা জেলার শালিখা উপজেলাধীন পুলুম গোলাম ছরোয়ার মাধ্যমিক বিদালয়ের প্রধান শিক্ষক জনাব মির্জা মোঃ আব্দুল গফফার-এর বিরুদ্ধে দুর্নীতি, অসদাচরণ ও নৈতিক ইস্খলন সংক্রান্ত বিষয়ে জনাব মোঃ হাসান আলী গং একটি অভিযোগ দাখিল করলে যশোর বোর্ড গত ০৮-০৬-২০২৩ খ্রি. তারিখে বিঅ-৬/৭০৫৫/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.১৪৪৩৭ নং স্মারকপত্রে জনাব মোঃ এমদাদুল হক, অধ্যাপক, ভূগোল, বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা (ইনসিটু যশোর সরকারি কলেজ) কে আহবায়ক করে দুই সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন করে তদন্তপূর্বক তদন্ত প্রতিবেদন দাখিল করার জন্য অনুরোধ করে পত্র দেয়া হয়। তদন্ত কর্মকতা তদন্ত প্রতিবেদন দাখিল করেছেন। তদন্ত পতিবেদন পর্যালোচনায় দেখা যায় প্রধান শিক্ষক প্রতিষ্ঠানের আর্থিক শৃঙ্খলা পরিপালন যথাঃ সকল ব্যয় ক্রয় কমিটির মাধ্যমে সম্পন্ন করা, সকল আয়-ব্যয় কলামনার ক্যাশ বইতে উত্তোলন করা, সকল আয়-ব্যয় অভ্যন্তরীণ অডিট সম্পন্ন করা, খাত ভিত্তিক আয়-ব্যয় লিপিবদ্ধ করা, মাসিক হিসাব সংকলন করা। ম্যানেজিং কমিটিতে আয়-ব্যয় অনুমোদন, ভাউচারসমূহ সঠিকভাবে সংরক্ষণ, স্টক লেজার মেইনটেনেন্স করা, ব্যাংকে জমার মাধ্যমে সকল আদায় নিশ্চিত করা প্রভৃতি বিষয়ে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনা নীতি ও আর্থিক বিধি বিধান সঠিকভাবে পরিচালনা করা হয় না ও ম্যানেজিং কমিটির সভায় এ সকল বিষয় পর্যালোচনা করা হয় না বিধায় প্রতিষ্ঠান পরিচালনায় ও হিসাব ব্যবস্থাপনায় নানাবিধ অনিয়ম পরিলক্ষিত হয় মর্মে তদন্ত কর্মকর্তা মতামত দাখিল করেছেন। **একটি মাধ্যমিক স্তরের কোনো বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান সুষ্ঠুভাবে পরিচালিত হতে পারে কেবলমাত্র ম্যানেজিং কমিটির মাধ্যমে।**

এমতাবস্থায়, তদন্তকারী কর্মকর্তার সার্বিক মতামতের আলোকে মাগুরা জেলার শালিখা উপজেলাধীন পুলুম গোলাম ছরোয়ার মাধ্যমিক বিদালয়ের চলমান ম্যানেজিং কমিটির সভাপতি পদ হতে কেন আপনাকে অব্যাহতি প্রদান করা হবে না তার জবাব পত্র জারীর ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট দাখিল করার জন্য আপনাকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে
স্বাক্ষরিত
(মোঃ সিরাজুল ইসলাম)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
ফোন নম্বর-০২৪৭৭৭৬২৭০৫

সভাপতি, ম্যানেজিং কমিটি
পুলুম গোলাম ছরোয়ার মাধ্যমিক বিদ্যালয় (১১৮০৭৩)
পুলুম, শালিখা, মাগুরা

স্মারক সংখ্যা-বিঅ-৬/৭০৫৫/২৬(১-৬) তারিখ : ২৫-০২-২০২৪ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

১। জেলা প্রশাসক, মাগুরা।
২। উপজেলা নির্বাহী অফিসার, শালিখা, মাগুরা।
৩। জেলা শিক্ষা অফিসার, মাগুরা।
৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শালিখা, মাগুরা।
৫। জনাব মোঃ হাসান আলী গং, অভিযোগকারী।
৬। সংরক্ষণ নথি।

২৫/০২/২০২৪
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর

২৫/০২/২৪